দৈনিক ইত্তেফাক

তারিখ ..2.7. DEC. 1994 ... ..
পৃষ্ঠা ২ কলাম ৭ ...

08

## সাড়ে সাতশত ছাত্র-ছাত্রীর জন্য ৩ জন শিক্ষক

যশোর জেলাধীন শার্শা থানার শাড়াতলা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রী সংখ্যা প্রায় সাড়ে সাতশত। অথচ বিদ্যালয়ে শিক্ষক সংখ্যা মাত্র ৩ জন। ৩ বছর আগে এ স্কুল থেকে একজন শিক্ষককে বদলী করিয়া সে পদটি কর্তৃপক্ষ বিলোপ করিয়া দেন। আমাদের প্রশ্ন সাড়ে সাত শত ছাত্র-ছাত্রীর ক্লাস মাত্র তিনজন শিক্ষক কিভাবে সুষ্ঠুভাবে নিতে পারেন। এই তিনজনের মধ্যে আবার একজনকে—অর্থাৎ প্রধান শিক্ষক সাহেবকে মাসের বেশ কয়েকদিন থাকতে হয় প্রশাসনিক ব্যস্ততায়। তাহাছাড়া স্কুলের পুরাতন টিনশেড বিল্ডিংটি মোট ছাত্র-ছাত্রীর অর্ধেক মাত্র ধারণ করিতে পারে, বাকী ছাত্র-ছাত্রীদের ক্লাস করিতে হয় বাহিরে, অথবা আদৌ তাহাদের ক্লাস করা হয় না। এই দুইটি ব্যাপারেই বার বার আবেদন-নিবেদন করিয়াও কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা সম্ভব হয় নাই। এমতাবস্থায় সমস্যা দুইটির সমাধানের জন্য সংশ্লিষ্ট উর্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি কামনা করিতেছি।

—গোলাম মাসুদ মজুমদার,
শাড়াতলা, শার্শা, যশোর।